



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

বিজ্ঞপ্তি

তারিখ : ০২/১১/২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, রেজিস্ট্রেশন ও আইডি কার্ড করার লক্ষ্যে আগামী ০৬/১১/২০২৫ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের নির্ধারিত পোশাক পরিধান করতঃ ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ছবির খামের উপরে মেমো নম্বর লিখে প্রতিষ্ঠানের জনাব মোঃ খাইরুল ইসলাম রোকন এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো (ছবির পিছনের ব্যাক গ্রাউন্ড নীল/আকাশী রংয়ের হতে হবে। এ্যাপ্কেল আকৃতির কোন ছবি গ্রহণ করা হবে না। প্রতিষ্ঠানের নির্ধারিত পোশাক ব্যতীত অন্য কোন পোশাক, ছাত্রীরা মাথায় স্কার্ফ পরিধান করে ছবি তুললে এবং এডিটিং করা কোন ছবি গ্রহণ করা হবে না। সকল ছাত্র-ছাত্রীকে ডেইরী ফার্ম গেইটে “জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ফটো গ্রাফিক্স” থেকে ছবি তোলার জন্য বলা হলো। ছবি তোলার সময় ছাত্র-ছাত্রীদের নাম, শ্রেণি রোল, বিভাগ ও শাখা অবশ্যই উল্লেখ করতে হবে)। উল্লেখ্য যে, কোন ছাত্র-ছাত্রী উক্ত তারিখের মধ্যে ছবি দিতে ব্যর্থ হলে রেজিস্ট্রেশন ও আইডি কার্ড করা সম্ভব হবে না। বিষয়টি অতীব জরুরী।

বিঃ দ্রঃ- স্টুডিওতে ছবি তুলতে গিয়ে বলতে হবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের একাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী। ছাত্র-ছাত্রীদেরকে ছবির পেছনে নাম, রোল, শ্রেণি, বিভাগ, শাখা ও নিজ জেলার নাম লিখে অফিসে জমা দিতে হবে।

✓ ১১/১১/২৫

(অধ্যাপক ড. মোহা. তালিম হোসেন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ

(অধ্যাপক ড. মোহা. তালিম হোসেন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ

সাভার, ঢাকা।